

তারার মেলা ঈশান মেমোরিয়াল স্কুল

স্থাপিত : ১৯৭৬

কমলাপুর, ফরিদপুর

নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখঃ ০৫.০৫.২০২১

ঐতিহ্যবাহী জেলা প্রশাসন, ফরিদপুর কর্তৃক প্রতিষ্ঠিত ও পরিচালিত তারার মেলা ঈশান মেমোরিয়াল স্কুল এর জন্য প্লে-১০ম শ্রেণি পর্যন্ত পাঠদান করতে সক্ষম শিক্ষক/কর্মচারী নিয়োগ করা হবে।

ক্রমিক নং	পদের নাম	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মন্তব্য
১	প্রধান শিক্ষক	১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে অনার্স/অনার্সসহ মাস্টার্স পাস। তবে তৃতীয় বিভাগ/শ্রেণি/ সম জিপিএ গ্রহণযোগ্য নয়। প্রার্থীর চমৎকার বাচনভঙ্গি ও ব্যক্তিত্ব, উপস্থাপনশৈলী ও নেতৃত্বের গুণাবলী থাকা বাঞ্ছনীয়। শিক্ষকতার অভিজ্ঞতা সম্পন্ন এবং প্রশাসনিক/ একাডেমিক/আইসিটি/ইংলিশ কorespondেন্স/ফিন্যান্সিয়াল ও স্কুল ম্যানেজমেন্ট এ দক্ষ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। এক্ষেত্রে 'ও' লেভেল এবং 'এ' লেভেল পাস করা প্রার্থীগণ অগ্রগণ্য।	বেতন ও ভাতাদি আলোচনা সাপেক্ষ। তবে পর্যায়ক্রমে প্রতিষ্ঠানের আর্থিক সক্ষমতা সাপেক্ষে স্ট্যান্ডার্ড বেতন-ভাতা প্রদান করা হবে। প্রধান শিক্ষক পদে প্রার্থীর বয়স ৩০-৪৫ পর্যন্ত এবং অন্যান্য সকল পদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩৫ বছর। সকল পদের প্রার্থীর এম এস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্টসহ আইসিটি দক্ষতা থাকতে হবে এবং অনর্গল ইংরেজিতে কথা বলতে সক্ষম প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
২	সহকারী শিক্ষক (গণিত)	১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিত বিষয়ে অনার্স/অনার্সসহ মাস্টার্স পাস।	বি. দ্রঃ পদের সংখ্যা ত্রাস-বৃদ্ধি হতে পারে।
৩	সহকারী শিক্ষক (ইংরেজি)	১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইংরেজি বিষয়ে অনার্স/অনার্সসহ মাস্টার্স পাস।	
৪	সহকারী শিক্ষক (বাংলা)	১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাংলা বিষয়ে অনার্স/অনার্সসহ মাস্টার্স পাস।	
৫	সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান)	১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ/রসায়ন বিষয়ে অনার্স/অনার্সসহ মাস্টার্স পাস। প্রার্থীকে বিজ্ঞান বিষয়ে বিভিন্ন উদ্ভাবন ও প্রকল্প তৈরীতে পারদর্শী হতে হবে।	
৬	সহকারী শিক্ষক (জীববিজ্ঞান)	১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রাণীবিজ্ঞান/উদ্ভিদবিজ্ঞান বিষয়ে অনার্স/অনার্সসহ মাস্টার্স পাস।	
৭	সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)	১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে অনার্স/অনার্সসহ মাস্টার্স পাস। মাইক্রোসফট অফিস প্রোগ্রাম, গ্রাফিক্স ডিজাইনিং ও এ্যানিমেশন, ভিডিও এডিটিং, সাইবার ক্রাইম প্রতিরোধ, সোশ্যাল মিডিয়া নেটওয়ার্কিং এ দক্ষতা থাকতে হবে।	
৮	সহকারী শিক্ষক (টেকনিক্যাল এডুকেশন)	১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ সিভিল ইঞ্জিনিয়ারিং/ টেকনিক্যাল এডুকেশন বিষয়ে অনার্স/অনার্সসহ মাস্টার্স পাস। প্রার্থীকে বিজ্ঞানবিষয়ক বিভিন্ন উদ্ভাবন ও প্রকল্প তৈরীতে পারদর্শী হতে হবে।	
৯	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	১	ন্যূনতম এইচ এস সি পাস। প্রার্থীকে কম্পিউটার টাইপিংসহ ডাটা এন্ট্রির কাজ এবং আইসিটিতে পারদর্শী হতে হবে। গ্রাফিক্স ডিজাইনিং ও এ্যানিমেশন, ভিডিও এডিটিং, অফিস ও হিসাব ব্যবস্থাপনায় দক্ষ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।	
১০	নিরাপত্তা কর্মী কাম অফিস সহায়ক	১	ন্যূনতম এস এস সি পাস। তবে বর্ণিত পদে দায়িত্ব পালনের জন্য ফিজিক্যাল ফিটনেস থাকতে হবে।	

চ্যালেঞ্জ গ্রহণে আগ্রহী ও উদ্যমী এবং শিক্ষকতার মতো মহান পেশায় ব্রত, উত্তম চরিত্রের অধিকারী, অধুমপায়ী ও মূল্যবোধ সচেতন প্রার্থীগণ ০৩ কপি পাসপোর্ট সাইজ ছবি, মোবাইল নম্বর, বৈবাহিক অবস্থা, উচ্চতা, ০৩/০৬/২০২১ তারিখে প্রার্থীর বয়স ও প্রযোজ্য ক্ষেত্রে দক্ষতা/পারদর্শিতার বিষয় উল্লেখ পূর্বক পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত অনুলিপি সহ সভাপতি, তারার মেলা ঈশান মেমোরিয়াল স্কুল ও জেলা প্রশাসক, ফরিদপুর বরাবর স্বহস্তে লিখিত দরখাস্ত অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর এর নিকট সরাসরি/ডাকযোগে আগামী ০৩/০৬/২০২১ তারিখের মধ্যে পৌছাতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ পরবর্তীতে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ কোন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ কিংবা চাকরি প্রদানের নিশ্চয়তা বহন করে না এবং নিয়োগ প্রদান কিংবা বাতিলের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। প্রয়োজনে : ০১৭১৭৬৯৫১৪৪।

স্বাক্ষরিত/-

সভাপতি

তারার মেলা ঈশান মেমোরিয়াল স্কুল